| ১৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, বিগত ২৮/০৮/২১ হতে ০৩/০৯/২১ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপনের সকল কর্মসূচী অত্যন্ত সফলতার সহিত বাস্তবায়িত হয়েছে। একাজে সার্বিক সহযোগিতার জন্য তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার সহ অন্যান্য সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি জানান, আগামী ১৩/০৯/২১ তারিখ এওলাসার, তাল নদী জলমহাল ও পার্শ্ববর্তী প্লাবন ভূমিতে রাজস্ব বাজেটের আওতায় ক্রয়কৃত ২৭২ কেজি পোনা মাছ অবমুক্ত করা হবে। | জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ সফলভাবে উদযাপনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে ও পোনা মাছ অবমুক্তি কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ পরবর্তীতে অবৈধ মৎস্য আহরণকারীরা যাতে পোনা মাছ না ধরতে পারে সে বিষয়ে সর্তক থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা,জকিগঞ্জ। |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় ০১নং বারহাল ইউপির চেয়ারম্যান প্রত্যেক ইউপির আয়তন ও জনসংখ্যা অনুযায়ী এডিপির বরাদ্দকৃত বন্টন করার জন্য অনুরোধ জানান। | ক। এডিপির বরাদ্দকৃত অর্থ বিধিমোতাবেক বন্টনের সিদ্ধান্ত গৃহীত হলো। | ক। উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ |
| | | খ। সভায় ০২নং বীরশ্রী ইউপির চেয়ারম্যান বলেন, তাঁর ইউপির বিভিন্ন জায়গায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক গভীর নলকূপ স্থাপিত হলেও অদ্যাবধি এগুলোর নিচ পাকা করা হয় নি। তিনি দ্রুত গভীর নলকূপসমূহের নিচ পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | খ। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত গভীর নলকূপসমূহের নিচ পাকা করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | খ। জনস্বাস্থ্য প্রকৌশলী, জকিগঞ্জ |
| | | গ। সভায় ০৮নং কসকনকপুর ইউপির চেয়ারম্যান বলেন, আগামী ১২/০৯/২১ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম শুরু হবে। এব্যাপারে সকলকে সহযোগিতা করার আহবান জানান। জন্মনিবন্ধন সংশোধনের বিষয়টি সহজিকরণ করার বিষয়ে জেলা সমন্বয় সভায় আলোচনার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | গ। জন্মনিবন্ধন সংশোধনের বিষয়টি সহজিকরণ করার বিষয়ে জেলা সমন্বয় সভায় আলোচনার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | গ।চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ |
| | | ঘ। সভায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, দীর্ঘ দিন পর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম শুরু হচ্ছে। এজন্য ক্লাসরুম, মাঠ ও বিদ্যালয়ের আশপাশ ভালভাবে পরিস্কার করা দরকার। এব্যাপারে তদারকির জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | ঘ। প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্লাসরুম এবং আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে তদারকির জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | ঘ। উপজেলা শিক্ষা কর্মকর্তা,জকিগঞ্জ |
| | | ঙ। সভায় উপজেলা নির্বাহী অফিসার মাঠ পর্যায়ে কোভিড-১৯ ২য় ডোজ গণটিকাদান কর্মসূচিতে সার্বিক সহযোগিতা করার জন্য স্বাস্থ্য বিভাগ, সকল জনপ্রতিনিধি ও আইন শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জানান। তিনি উপজেলা প্রকৌশলীকে উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকার ভবনসমূহের মেরামতের জন্য বরাদ্দ প্রদানের নিমিত্ত দ্রুত প্রাক্কলন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা এবং আবাসিক এলাকার ভবনসমূহে বসবাসকারীগণকে বকেয়া বাসা ভাড়া প্রদানের জন্য পত্র প্রদানের অনুরোধ জানান। তিনি বর্তমান অর্থ বছরের এডিপির প্রকল্প গ্রহণের সময় স্বাস্থ্য ও শিক্ষা খাতকে অগ্রাধিকার বিবেচনাপূর্বক প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি আরও বলেন, সাধারণ মানুষ জন্মনিবন্ধন সংশোধনের জন্য ঢালাওভাবে আসছে। এব্যাপারে তিনি ইউপি চেয়ারম্যান এবং সচিবদের আরও সচেতন হওয়ার ও জন্মনিবন্ধনের আইডি পাসওয়ার্ড উদ্যোক্তাদের কাছে না দেওয়ার | ঙ। (!) মাঠ পর্যায়ে কোভিড-১৯ ২য় ডোজ গণটিকাদান কর্মসূচিতে সার্বিক সহযোগিতা করার জন্য স্বাস্থ্য বিভাগ সকল জনপ্রতিনিধি, আইন শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো।<br>(!!) উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকার ভবনসমূহের মেরামতের বরাদ্দ প্রদানের নিমিত্ত দ্রুত প্রাক্কলন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও আবাসিক এলাকার ভবনসমূহে বসবাসকারীগণকে বকেয়া বাসা ভাড়া প্রদানের নিমিত্ত পত্র প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>(!!!) জন্মনিবন্ধনের আইডি পাসওয়ার্ড উদ্যোগক্তাদের কাছে না দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | ঙ। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী,জকিগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ জানান। জনস্বাস্থ্য দপ্তর কর্তৃক বাস্তবায়িত গভীর নলকূপসমূহ সচল আছে কিনা তা তদারকির জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। সভায় তিনি উপজেলা পরিষদ কমপ্লেক্সের খতিয়ান নম্বর ০৩, দাগ নম্বর ১৫২৮, পরিমান-১.৫৮৩২ একরের মধ্যে ০.১২ একর ভূমিতে উপজেলা ভূমি অফিস নির্মানের প্রস্তাব উত্থাপন করেন। | (!4) উপজেলা পরিষদের আওতাভূক্ত খতিয়ান নম্বর-০৩, দাগ নম্বর ১৫২৮, পরিমান-১.৫৮৩২ একরের মধ্যে ০.১২ একর ভূমিতে উপজেলা ভূমি অফিস নির্মানের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | চ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাসের সংক্রমণ কমে যাওয়ার দীর্ঘ দিন পর আগামী ১২/০৯/২১ তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পাঠদান কার্যক্রম শুরু হচ্ছে । দীর্ঘ দিন স্কুল বন্ধ থাকার কারণে অনেক ছাত্র/ছাত্রী ঝড়ে পরতে পারে। শিক্ষা প্রতিস্থানসমূহে ছাত্র/ছাত্রীদের উপস্থিতি ৫০% কম হলে ঝড়ে পড়া ছাত্র/ছাত্রীদের স্কুলে ফেরানের উদ্যোগ গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানিয়েছেন। তিনি উপজেলা প্রকৌশলীকে উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকার ভবনসমূহের মেরামতের বরাদ্দের জন্য দ্রুত প্রাক্কলন প্রস্তুত করার জন্য এবং উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিধিমোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। বর্তমান অর্থ বছরের এডিপির প্রথম কিস্তির বরাদ্দ চলে এসেছে তিনি উপজেলা প্রকৌশলীকে দ্রুত প্রকল্প তালিকা প্রস্তুত পূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবাণ জানান । তিনি প্রত্যেক ইউপিতে এডিপির বরাদ্দ দ্বারা ১০ লক্ষ টাকার একটি করে প্রকল্প গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি জানান, উপজেলা পরিষদের জন্য বরাদ্দকৃত জীপগাড়ীটি( যাহার নং-সিলেট-ঘ-১১-০২৫০) গত ১৬/০৬/২০২১ তারিখ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তরের যানবাহন অকেজো ঘোষণা সংক্রান্ত মাঠ পর্যায়ের উপ-কমিটি পরিত্যক্ত ঘোষণা করায় স্থানীয় সরকার বিভাগের, উপজেলা-১ শাখার স্মারক নং-স্থাসবি/উপ-১/যানবাহন-১/২০০৯/০৪, তারিখঃ ০৫/০১/২০১০ খ্রিঃ মূলে প্রাপ্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক তাঁর ব্যক্তিগত গাড়ী (যাহার নং-ঢাকা মেট্রো-গ-২০-৪২৯২) অফিসে আসা-যাওয়া ও অন্যান্য প্রশাসনিক ও উন্নয়নমূলক কাজে পরিদর্শনের জন্য ব্যবহারের প্রস্তাব সভায় উত্থাপন করেন। | চ। অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাত্র/ছাত্রীদের উপস্থিতি ৫০% কম হলে ঝড়ে পড়া ছাত্র/ছাত্রীদের স্কুলে ফেরানের উদ্যোগ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানিয়ে এবং উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিধিমোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে ও উপজেলা পরিষদের জন্য বরাদ্দকৃত জীপগাড়ীটি( যাহার নং-সিলেট-ঘ-১১-০২৫০) গত ১৬/০৬/২০২১ তারিখ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তরের যানবাহন অকেজো ঘোষণা সংক্রান্ত মাঠ পর্যায়ের উপ-কমিটি পরিত্যক্ত ঘোষণা করায় স্থানীয় সরকার বিভাগের, উপজেলা-১ শাখার স্মারক নং-স্থাসবি/উপ-১/যানবাহন-১/২০০৯/০৪, তারিখঃ ০৫/০১/২০১০ খ্রিঃ মূলে প্রাপ্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক তাঁর ব্যক্তিগত গাড়ী (যাহার নং-ঢাকা মেট্রো-গ-২০-৪২৯২) অফিসে আসা-যাওয়া ও অন্যান্য প্রশাসনিক ও উন্নয়নমূলক কাজে পরিদর্শনের জন্য ব্যবহারের এবং এবিষয়টি স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চ। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান(সকল), জকিগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী )
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।

## উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট অক্টোবর/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট।
সভার তারিখ ও সময় : ১৪/১০/২০২১ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট।

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ০৯/০৯/২১খ্রি: খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতপরঃ সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ,জকিগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান(সকল), জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান(সকল), জকিগঞ্জ |
| ১৫ | মৎস্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা,জকিগঞ্জ। |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএমকে অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, শীত মৌসুমের কারণে করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। তিনি জানান, বর্তমান অর্থ বছরের এডিপির দ্বিতীয় কিস্তির বরাদ্দ চলে এসেছে। তিনি উপজেলা প্রকৌশলীকে দ্রুত এডিপির প্রকল্প তালিকা অনুমোদন ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>খ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জকিগঞ্জের উন্নয়নের স্বার্থে উপজেলা প্রকৌশলীকে তৎপর হওয়ার অনুরোধ জানান। তিনি উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ মূল্য নির্ধারন পূর্বক বিধিমোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | ক। বর্তমান অর্থ বছরের এডিপি দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ। উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ মূল্য নির্ধারন পূর্বক বিধিমোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | ক। উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ।<br>খ। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

**উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট নভেম্বর/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ

সভার তারিখ : ১১/১১/২০২১ খ্রিস্টাব্দ

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১৪/১০/২০২১ খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় । বিগত সভায় বিবিধ (ছ)তে নিম্নলিখিত বিষয়টি ভুলক্রমে লিপিবদ্ধ না হওয়ায় সংশোধিত আকারে তা লিপিবদ্ধ ও অনুমোদন করা হলো:

উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ বিক্রয় সংক্রান্ত উপজেলা কমিটিতে উপজেলা পরিষদের সাধারণ পরিষদ কর্তৃক চেয়ারম্যান, ০৫ নং জকিগঞ্জ ইউপি, সিলেটকে সর্বসম্মতিক্রমে মনোনীত করা হলো।

এছাড়া আর কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয় । অতপরঃ সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চিকিৎসা ও ভ্যাকসিন প্রদানের কার্যক্রম চলমান আছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, আগামী কয়েক দিনের মধ্যে আমন কর্তন শুরু হবে। এবার অত্র উপজেলায় গত আমন মৌসুমের তুলনায় তিন হাজার হেক্টর জমিতে আমন চাষ বেশী হয়েছে। তিনি বলেন, বীরশ্রী ইউপি ও কসকনকপুর ইউপিতে সার ডিলার নাই। তিনি উক্ত দুই ইউপিতে কৃষকদের স্বার্থে সার ডিলার নিয়োগ প্রয়োজন বলে জানান। | অত্র উপজেলার বীরশ্রী ইউপি ও কসকনকপুর ইউপিতে বিধিমোতাবেক দ্রুত সার ডিলার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জনস্বাস্থ্য দপ্তরের আওতায় অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপ ও পাবলিক টয়লেট স্থাপনের কাজ চলমান আছে। | জনস্বাস্থ্য দপ্তরের আওতায় অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপ ও পাবলিক টয়লেট দ্রুত স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১- ২০২২ চক্রের ভিজিডি কর্মসূচির উপকারভোগীদের নিকট হতে আদায়কৃত সঞ্চয়ের টাকা সকল ইউনিয়ন পরিষদ হতে সংশ্লিস্ট একাউন্টে সঠিকভাবে জমা হচ্ছে না। জানুয়ারি/২১ হতে অক্টোবর/২১ তারিখ পর্যন্ত বারহাল ইউপিতে ১৫৫৪০০/-, বীরশ্রী ইউপিতে ১৮৮০০০/-, | ২০২১- ২০২২ চক্রের ভিজিডি কর্মসূচির উপকারভোগীদের নিকট হতে আদায়কৃত সঞ্চয়ের হস্ত মজুদকৃত টাকা সংশ্লিস্ট একাউন্টে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে এবং উপজেলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ,জকিগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাজলসার ইউপিতে ১৬৬৮০০/-, জকিগঞ্জ ইউপিতে ৬১০০০/- এবং কসকনকপুর ইউপিতে ১১৩০০০/- টাকা উক্ত ইউপিসমূহের এজেন্ট ব্যাংক প্রতিনিধি অথবা উদ্যোক্তার নিকট হস্ত মজুদ রয়েছে বলে তিনি জানান। তিনি ভিজিডি কর্মসূচির হস্ত মজুদকৃত টাকা দ্রুত সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি তাঁর দপ্তরের দরজা, জানালা ও বাথরুম দ্রুত মেরামত প্রয়োজন বলে জানান। | মহিলা বিষয়ক দপ্তরের দরজা, জানালা ও বাথরুম মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বিগত মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। এছাড়া তিনি জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের কাজ, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের কাজ চলমান আছে। উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকার ভবনসমূহের ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের প্রাক্কলন প্রস্তুত এবং উপজেলা বাসা বরাদ্দ কমিটির সিদ্ধান্ত মোতাবেক বসবাসকারীদের নামে বরাদ্দের পত্র প্রেরণ আগামী ০৭(সাত) দিনের মধ্যে করা হবে বলে তিনি জানান। তিনি বলেন, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা হতে গত ১৬/০৮/২০২১ তারিখ অত্র উপজেলায় করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য ৫,২৩,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে প্রতিরোধ মূলক ব্যবস্থা হিসাবে তিনটি প্রকল্প গ্রহণ এবং উক্ত প্রকল্পসমূহ পিআইসির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব সভায় উত্থাপন করেন। | উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকার ভবনসমূহের, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের প্রাক্কলন প্রস্তুত এবং উপজেলা বাসা বরাদ্দ কমিটির সিদ্ধান্ত মোতাবেক উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকায় বসবাসকারীদের নামে বরাদ্দের পত্র প্রেরণের জন্য ও স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা হতে গত ১৬/০৮/২০২১ তারিখ অত্র উপজেলায় করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বরাদ্দকৃত ৫,২৩,০০০/- টাকা তিনটি প্রকল্প গ্রহণ পূর্বক পিআইসির মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দাউদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন হেন্ড ওভারের মাত্র দুই মাসের মধ্যেই এর ফ্লোর নষ্ট হয়ে গেছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ | দাউদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের ফ্লোর মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে এবং চৌধুরী বাজার সরকারি প্রাথমিক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানান। চৌধুরী বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে মুরগীর খামার থাকায় দুর্গন্ধে শিক্ষার্থীদের ক্লাশ করতে সমস্যা হচ্ছে। এব্যাপারে সরজমিন পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। | বিদ্যালয়ের পাশে মুরগীর খামারের দুর্গন্ধের ব্যাপারে সরজমিন পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, কুলগাং মৎস্য অভয়াশ্রমের পানি শুকিয়ে যাওয়ায় অভয়াশ্রমটি রক্ষা করা কঠিন হয়ে যাচ্ছে। রাতের অন্ধকারে মৎস্য আহরণকারীরা সহজেই মাছ ধরে নিয়ে যাচ্ছে। ইতিমধ্যে বিগত ৩/১১/২১ তারিখ একজন আসামীকে হাতেনাতে ধরে থানায় নিয়ে তার স্বীকারোক্তি অনুযায়ী আরও সাতজনের নাম উল্লেখ করে থানায় মামলা দায়ের করা হয়েছে। তিনি আরও বলেন, অভয়াশ্রমটি রক্ষার লক্ষ্যে পানি বৃদ্ধির জন্য একটি বাঁধ দেওয়া প্রয়োজন। তিনি উক্ত অভয়াশ্রমের মাছ চুরির স্থায়ী সমাধানের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যানের নেতৃত্বে গঠিত কমিটিকে কার্যকর ভূমিকা নেয়ার জন্য অনুরোধ জানান। | অভয়াশ্রমে পানি বৃদ্ধির লক্ষ্যে সরজমিন পরিদর্শন পূর্বক নতুনভাবে স্থান নির্বাচন করে বাঁধের উপযোগীতা ও প্রকৃত খরচের প্রাক্কলন প্রস্তুত করে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উপজেলা মৎস্য কর্মকর্তা, চেয়ারম্যান কাজলসার ইউপি এবং চেয়ারম্যান মানিকপুর ইউপিকে নিয়ে গঠিত কমিটিকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো এবং অভয়াশ্রমের মাছ চুরির সাথে জরিতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, জকিগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান কাজলসার ইউপি/চেয়ারম্যান মানিকপুর ইউপি, জকিগঞ্জ |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বর্তমান আমন মৌসুমে অত্র উপজেলার জন্য ৬৬০ মেঃটন আমন ধান সংগ্রহের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। তিনি আমন ধান সংগ্রহে সকলের সহযোগিতা কামনা করেন। | বর্তমান মৌসুমে আমন ধান সংগ্রহের লক্ষমাত্রা অর্জনে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএমকে অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ |
| ১৯ | বিবিধ | ক। সভায় ০২নং বীরশ্রী ইউপির চেয়ারম্যান তাঁর ইউপির বড়পাথর গ্রামের মহিউদ্দিনের বাড়িতে আগুনে পোড়ানো ক্ষতিগ্রস্তদের সহায়তা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি গুচ্ছ গ্রাম ও ভিক্ষাইর বাজার মসজিদের ল্যাটিন স্থাপনের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>খ। সভায় ০৪নং খলাছড়া ইউপির চেয়ারম্যান করোনাকালীন সময়ে অত্র উপজেলার জনগণকে সেবা প্রদানের জন্য উপজেলা পরিষদের কর্মকর্তা/ কর্মচারিগণ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যানকে ধন্যবাদ জানান। দুর্গা পূজার সময় কালিগঞ্জ বাজারের হামলার ঘটনায় নিন্দা প্রকাশ করেন এবং জরিতদের দ্রুততার সাথে আইনের আওতায় আনার অনুরোধ। তিনি ঈদগাহ বাজারে রাস্তার পাশে টয়লেট নির্মাণের গর্ত ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি এডিপি দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জনান।<br>গ। সভায় ০৫ নং জকিগঞ্জ ইউপির চেয়ারম্যান বিগত ০৫(পাঁচ) তাঁর দায়িত্ব পালণে কোন ভুল ত্রুটি হয়ে থাকলে ক্ষমা প্রার্থনা করেন।<br>ঘ। সভায় ০৭নং বারঠাকুরী ইউপির চেয়ারম্যান বলেন, উপজেলা পরিষদের এই সভা হয়তবা শেষ সভা, তিনি | ক। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বীরশ্রী ইউপির গুচ্ছ গ্রাম ও ভিক্ষাইর বাজার মসজিদের ল্যাটিন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>খ। খলাছড়া ইউপির ঈদগাহ বাজারে রাস্তার পাশে টয়লেট নির্মাণের গর্ত ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>ঘ। হাসিতলা এবং আমলসীদ সরকারি | ক। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ।<br>খ। উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ।<br>ঘ। উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদের গাড়ি ও উপজেলা নির্বাহী অফিসারের গাড়ির জরুরি মেরামত কাজ করানোর প্রস্তাব করেন এবং ব্যয়োত্তর উক্ত খরচের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | | |

**সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬. ৬০০(৪৫)
তারিখ: ২৯/১২/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি-সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫
০২। কমিশনার, সিলেট বিভাগ সিলেট,
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট
০৫। পুলিশ সুপার, সিলেট
০৬। সিভিল সার্জন/উপ জেলা প্রাণি/এলজিইডি/সওজ,নির্বাহী প্রকৌশলী/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ,পরিচালক-সম্পদ কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ,সিলেট
০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট
১০। উপজেলা-------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট
১১। চেয়ারম্যান ---------------------(সকল) ইউপি
১২। জনাব-----------------------------------, জকিগঞ্জ, সিলেট

( সুমী আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

**উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট।
সভার তারিখ ও সময় : ২০/১২/২০২১ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট।

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১১/১১/২০২১ খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতপরঃ সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চিকিৎসা ও ভ্যাকসিন প্রদানের কার্যক্রম চলমান আছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চিকিৎসা ও ভ্যাকসিন প্রদানের কার্যক্রম চলমান আছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা **যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ।** |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ,জকিগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১১ | **পল্লী উন্নয়ন** বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, অত্র উপজেলার বিভিন্ন রাস্তার উন্নয়ন, মেরামত এবং বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৫ | মৎস্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএমকে অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ০২ নং বীরশ্রী ইউপির দফাদার এর শূন্য পদে অত্র ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডে কর্মরত মহল্লদার জনাব হাশিম আহমদ এবং ০৮ নং কসকনকপুর ইউপির দফাদার এর শূন্য পদে অত্র ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডে কর্মরত মহল্লদার জনাব ফজলুল হককে বিধিমোতাবেক নির্বাচনী বোর্ডের প্রস্তাব মোতাবেক দফাদার পদে নিয়োগ/পদোন্নতির জন্য সুপারিশ করা হয়।<br>তিনি স্থানীয় সরকার বিভাগের ২৩ নভেম্বর ২০২০ তারিখের ৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯.২০১১.৫২৯ নং স্মারকপত্রে এবং ইউপি কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরে প্রায় ২০২১-২২ অর্থবছরে ইউনিয়ন পরিষদ সচিব ও হিসাব সহকারীদের ইউপি অংশের ২৫% বেতন-ভাতা, ০১(এক) জন সচিবের অবসরজনিত আনুতোষিক ভাতা এবং গ্রাম পুলিশদের বেতন-ভাতা, যাতায়াত ভাতা, নববর্ষ ভাতা ও উৎসব ভাতা বাবদ আনুমানিক প্রায় =১,০০,০০০,০০/= (এক কোটি) টাকার চাহিদাপত্র সভায় উত্থাপন করেন। বর্ণিত পত্রে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ক্রমি ০৪ এ অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন হলে কিংবা বর্ণিত খাতসমূহের বাহিরে অন্যখাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে প্রয়োজনীয় কাগজপত্র এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে মর্মে বলা হয়েছে। তিনি বলেন, পূর্বে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর (১%) হতে ইউপি কর্মচারীদের বেতন-ভাতা | ক। (!) ০২ নং বীরশ্রী ইউপির দফাদার এর শূন্য পদে অত্র ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডে কর্মরত মহল্লদার জনাব হাশিম আহমদ এবং ০৮ নং কসকনকপুর ইউপির দফাদার এর শূন্য পদে অত্র ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডে কর্মরত মহল্লদার জনাব ফজলুল হককে বিধিমোতাবেক নির্বাচনী বোর্ডের প্রস্তাব মোতাবেক দফাদার পদে নিয়োগ/পদোন্নতির বিষয়টি সভায় গৃহীত হয়।<br>(!!) ইউপি কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের বেতন-ভাতা বাবদ আনুমানিক প্রায় =১,০০,০০০,০০/= (এক কোটি) টাকার চাহিদা ১% খাত হতে সংকুলান হবে না বিধায় ১৪২৯ বঙ্গাব্দ সনের হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ যা উপজেলা রাজস্ব তহবিলে জমা হবে তা ইউপি কর্মচারীদের ২০২১-২২ অর্থবছরের বেতন-ভাতা খাতে ব্যয় করার অনুমতি প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে পত্র যোগাযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ক। উপজেলা নির্বাহী অফিসার/চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপিসমূহ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংকুলান না হলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের জমাকৃত হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ হতে তা সংকুলান করা হতো এবং বিষয়টি রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় উল্লেখ ছিল। কিন্তু যেহেতু উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এ বিষয়টি উল্লেখ করা হয় নি সেজন্য ইউপি কর্মচারীদের ২০২১-২২ অর্থ বছরের বেতন-ভাতার চাহিদা ১% খাত হতে সংকুলান হবে না বিধায় হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ হতে তা সংকুলানের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ জানাননো হয়। | | |
| | | খ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, বর্তমান শীত মৌসুমে করোনা পরিস্থিতির অবনতি হতে পারে। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। তিনি বর্তমান অর্থ বছরের এডিপি দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান | খ। সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হলো। বর্তমান অর্থ বছরের এডিপি দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | খ। সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধি,জকিগঞ্জ /উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী )
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট ।

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬-১৮(৪০)

তারিখঃ ১১/০১/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ।

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট ।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক, সিলেট ।

০৫। পুলিশ সুপার, সিলেট ।

০৬। সিভিল সার্জন/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/নির্বাহী প্রকৌশলী,সওজ/এলজিইডি/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ,সিলেট ।

০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট ।

১০। উপজেলা---------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট ।

১১। চেয়ারম্যান ----------------------(সকল) ইউপি ।

১২। জনাব-------------------------------------, জকিগঞ্জ, সিলেট ।

( সুমী আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।

উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট এর জানুয়ারি/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মিসেস মাজেদা রওশন শ্যামলী
প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট।
সভার তারিখ ও সময় : ১৪/০১/২০২১ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট।

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি ও উপজেলা পরিষদ প্যানেল-১ চেয়ারম্যান মিসেস মাজেদা রওশন শ্যামলী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১০/১২/২০২০ খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, অত্র উপজেলায় ডায়রিয়ার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। জকিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে প্রচুর রোগী ভর্তি হচ্ছে। তিনি ডায়রিয়া প্রতিরোধে খাওয়ার আগে ও পরে হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলার জন্য অনুরোধ জানান। | ডায়রিয়াসহ অন্যান্য সংক্রামণ রোগ প্রতিরোধে হাত ধোয়াসহ পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে সাধারণ জনগণকে সচেতন করার উদ্যোগ গ্রহণে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বোরো ধানের চারা রোপন শুরু হয়েছে। এবার জকিগঞ্জ উপজেলায় বোরো ধানের বাম্পার ফলন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলায় বোরো ধানের অধিক ফলণের জন্য কৃষকদেরকে নিয়মিত পরামর্শ প্রদান এবং চাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)জানান, জকিগঞ্জ উপজেলা 'হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প' এর অন্তর্ভুক্ত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১১৬৭ টি গভীর নলকূপ ও ৯০টি ল্যাট্রিন স্থাপন করা হবে বলে তিনি জানান। তিনি জেলা প্রশাসক মহোদয় কর্তৃক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাস্তবায়নাধীন কাসিগঞ্জ পানির ট্রিটমেন্ট প্লান্ট পরিদর্শন করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। | জকিগঞ্জ উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপসমূহের স্থাপনকাজ দ্রুত সম্পন্ন করার জন্য এবং 'হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প' এর আওতায় জকিগঞ্জ উপজেলায় ১১৬৭ টি গভীর নলকূপ ও ৯০টি ল্যাট্রিন বরাদ্দ প্রদান করা হলে তা যথাযথভাবে বন্টন ও স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, ২০১৯-২০২০ ভিজিডি চক্রের উপকারভোগীর সঞ্চয়কৃত অর্থ আদায়ের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২০২১-২০২২ ভিজিডি চক্রের ০৯টি ইউনিয়নের ১২৫০ জন উপকারভোগীর তালিকা চূড়ান্ত করা হয়েছে। নতুন মাতৃত্বকাল ভাতাভোগী | নতুন মাতৃত্বকাল ভাতাভোগী নির্বাচন এবং ২০১৯-২০২০ অর্থ বছরের কাজলসার, মানিকপুর, কসকনকপুর, বারঠাকুরী ইউপির মাতৃত্বকাল ভাতাভোগীর বকেয়া টাকা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপজেলা মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জকিগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্বাচনের কাজ চলমান আছে। এছাড়া ২০১৯-২০২০ অর্থ বছরের কাজলসার, মানিকপুর, কসকনকপুর, বারঠাকুরী ইউপির মাতৃত্বকাল ভাতাভোগীর বকেয়া টাকা প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর গত আগষ্ট/২০ মাসে তালিকাসহ পত্র প্রেরণ করা হয়েছে। | কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান বয়স্ক, বিধবা এবং স্বামী নিগৃহীতা মহিলা ভাতা শতভাগ কভারেজের আওতায় অত্র উপজেলার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত ভাতা প্রাপ্তির জন্য আবেদনকারীদের তালিকা যাচাই-বাছাই পূর্বক বরাদ্দ অনুযায়ী ভাতার বই তৈরির কাজ অগ্রাধিকারভিত্তিতে সম্পন্ন করতে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন এবং একই সাথে যাচাই-বাছাই পূর্বক অবশিষ্ট ভাতাভোগীর তালিকা অনুযায়ী অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য সমাজসেবা অধিদপ্তরকে অবহিত করা হবে মর্মে তিনি জানান। | অত্র উপজেলায় বয়স্ক, বিধবা এবং স্বামী নিগৃহীতা মহিলা ভাতা শতভাগ কভারেজের আওতায় প্রাপ্ত বরাদ্দের আলোকে ভাতাভোগীদের নামে ভাতা প্রাপ্তির বই তৈরিসহ অন্যান্য কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল), জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের প্রতিনিধি জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বর্তমান অর্থ বছরের টি.আর/কাবিখার (সাধারণ) ২য় পর্যায়ের বরাদ্দ চলে এসেছে। তিনি ইউপি চেয়ারম্যানগণকে টি.আর/কাবিখার ২য় পর্যায়ের প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য অনুরোধ জানান। | টি.আর/কাবিখার ২য় পর্যায়ের প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল), জকিগঞ্জ। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ৯২,৪৬,০০০/- (বিরানব্বই লক্ষ ছেচল্লিশ হাজার) টাকার ৫২টি প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য সভায় উত্থাপন করেন (প্রকল্প তালিকা সংযুক্ত)। বিগত ১৭/১২/২০২০ খ্রি. তারিখ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপজেলা-২ শাখা হতে আসন্ন শীত মৌসুমে অত্র উপজেলায় করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান ক্রয় পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। এব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ৯২,৪৬,০০০/- (বিরানব্বই লক্ষ ছেচল্লিশ হাজার) টাকার ৫২টি প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ও আসন্ন শীত মৌসুমে করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে অত্র উপজেলায় বিনামূল্যে বিতরণের নিমিত্ত বরাদ্দকৃত অর্থ দিয়ে মাস্ক ক্রয়ের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে নতুন বই বিতরণ শেষ হয়েছে বলে তিনি জানান। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | মৎস্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা,জকিগঞ্জ |
| ১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আমন ধানের সরকারি মূল্য স্থানীয় বাজারের মূল্যের চেয়ে কম হওয়ার কারণে লটারিতে নির্বাচিত কৃষকগণ সরকারি গুদামে আমন ধান বিক্রি করতে রাজি হচ্ছে না। কার্ডধারী যে কোন কৃষক সরকারি গুদামে আমন ধান বিক্রি করতে পারবে বলে তিনি জানান। এছাড়া আগামী মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচী চালু হবে বলে তিনি জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ। |
| ১৭ | বিবিধ | ক। সভায় ০৩নং কাজলসার ইউপি চেয়ারম্যান তাঁর ইউনিয়ন কমপ্লেক্স ভবন মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ক। কাজলসার ইউনিয়ন কমপ্লেক্স ভবন মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ক। উপজেলা প্রকৌশলী,জকিগঞ্জ |
| | | খ। সভায় ০৪নং খলাছড়া ইউপি চেয়ারম্যান বলেন, তাঁর ইউপির সদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বারহাল ইউপির পইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের অবহেলার কারণে ২০০৭ খ্রি. সাল হতে ছাত্র/ছাত্রীদের উপবৃত্তি বন্ধ রয়েছে। তিনি উক্ত দুই বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপবৃত্তি পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, বর্তমানে অযথা যে কোন বিষয়ে মাইকিং করানো হয়। এতে শব্দ দূষণ বেড়ে যাচ্ছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | খ। খলাছড়া ইউপির সদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বারহাল ইউপির পইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপবৃত্তি পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো ও অযথা মাইকের ব্যবহার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো। | খ। সহকারী কমিশনার (ভূমি), জকিগঞ্জ/ উপজেলা শিক্ষা কর্মকর্তা,জকিগঞ্জ। |
| | | গ। সভায় ০৬নং সুলতানপুর ইউপির চেয়ারম্যান বলেন, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর কর্তৃক স্থাপিত গভীর নলকূপসমূহ ৭০০-৭৫০ ফুট লেয়ারে বোরিং করা হয়। ফলে অত্র উপজেলার প্রায় সবগুলো নলকূপ একই লেয়ারে বোরিং করার কারণে ভবিষ্যতে উক্ত লেয়ারে পানির সংকট হওয়ার সম্ভবনা রয়েছে বলে জানান। | গ। জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক স্থাপিত গভীর নলকূপসমূহ যেখানে ভাল লেয়ার পাওয়া যায় সেখানেই বোরিং করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | গ। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, জকিগঞ্জ। |
| | | ঘ। সভায় ০৭নং বারঠাকুরী ইউপির চেয়ারম্যান বলেন, তাঁর ইউপির বারঠাকুরী বাজারের খাস জায়গা একজন দোকানদার তার নিজের নামে রেকর্ড করে নিয়ে গেছে। তিনি বিভিন্ন হাট বাজারের সরকারি খাস জায়গা যাতে ব্যক্তির নামে যাতে রেকর্ড না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। শরীফগঞ্জ বাজারের পানি উন্নয়ন বোর্ডের পাম্প হাউজের বাউন্ডারীর ভিতরে টমটমসহ ছোটখাটো গাড়ি রাখা হত। এতে শরীফগঞ্জ বাজারে যানজট কম হত। কিন্তু বর্তমানে পানি উন্নয়ন বোর্ড পাম্প হাউজের গেইটে তালাবদ্ধ করে রাখার কারণে টমটম রাখা যাচ্ছে না। ফলে শরীফগঞ্জ বাজারে যানজট বৃদ্ধি পেয়েছে। তিনি আরও বলেন, অত্র উপজেলার বিভিন্ন পাকা রাস্তা উপর দিয়ে ট্রলি দ্বারা মাটি টানার কারনে পাকা রাস্তার উপর মাটি পরে ধুলাবালির সৃষ্টি হচ্ছে। এতে সাধারণ মানুষের চলাচলে বিঘ্ন ঘটছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা | ঘ। অত্র উপজেলার বিভিন্ন হাট বাজারের সরকারি খাস জায়গা যাতে ব্যক্তির নামে রেকর্ড না হয় এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ এবং পাকা রাস্তার উপর দিয়ে ট্রলি দ্বারা মাটি না টানার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | ঘ। উপজেলা নির্বাহী অফিসার ,জকিগঞ্জ/অফিসার ইনচার্জ, জকিগঞ্জ থানা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানান।<br>ছ। সভায় উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান খলাছড়া ইউপির সদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বারহাল ইউপির পইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপবৃত্তি নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। এডিপির প্রকল্প তালিকা দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। উপজেলা পরিষদের স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানান। তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয় দ্রুত সুস্থতার জন্য সকলের নিকট দোয়া চান। | ছ। খলাছড়া ইউপির সদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বারহাল ইউপির পইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপবৃত্তি নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং এডিপির প্রকল্প তালিকা দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো ও উপজেলা পরিষদের স্থায়ী কমিটিসমূহের সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। | ছ। কর্মকর্তা (সকল) উপজেলা পরিষদ, জকিগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মিসেস মাজেদা রওশন শ্যামলী)
প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬- ১১০ (৪০)

তারিখঃ ০৭/০২/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। সিভিল সার্জন/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/নির্বাহী প্রকৌশলী, সওজ/এলজিইডি/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ, সিলেট।
০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট।
১০। উপজেলা-------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট।
১১। চেয়ারম্যান --------------------(সকল) ইউপি।
১২। জনাব-----------------------------------, জকিগঞ্জ, সিলেট।

৭/০২/২০২১

(সুমী আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

## উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট ফেব্রুয়ারি/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট
সভার তারিখ ও সময় : ১৭/০২/২০২২ খ্রি: দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৩/০১/২০২২ তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপজেলা নির্বাহী অফিসার বিগত নভেম্বর ২০২১ মাস অর্থাৎ ১১/১১/২০২১ তারিখের মাসিক সাধারণ সভার বিবিধ অনুচ্ছেদ এর ছ এর (V) এর সিদ্ধান্তে কিছু সংশোধনী রয়েছে যা অদ্যকার সভার নির্ধারিত অনুচ্ছেদে যুক্ত করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে জানান। তাছাড়া উপজেলা প্রকৌশলী বিগত জানুয়ারি ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ১২ এর প্রস্তাবটি সংশোধনীর প্রস্তাব উত্থাপন করেন যা অদ্যকার সভার নির্ধারিত অনুচ্ছেদে যুক্ত করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে জানান। কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহিত ও অনুমোদিত হয় । অতপরঃ সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, আগামী ২৬/০২/২২ তারিখের পর করোনা ভ্যাকসিনের প্রথম ডোজের টিকা প্রদান করা হবে না । এব্যাপারে সাধারণ জনগণকে সচেতন করার জন্য জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন। | সাধারণ জনগণকে ২৬/০২/২২ তারিখের পূর্বে করোনা ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, অত্র উপজেলার খলাছড়া,মানিকপুর ও সুলতানপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে গর্ভবতী মহিলাদের সার্বক্ষনিক নরমাল ডেলিভারি করানোর ব্যবস্থা আছে। উক্ত বিষয়ে সাধারণ জনগণকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | অত্র উপজেলার সকল ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে গর্ভবতী মহিলাদের সার্বক্ষনিক নরমাল ডেলিভারি করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | নবাগত সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাঁর পরিচয় তুলে ধরেন এবং তাঁর দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উক্ত বিভাগের প্রতিনিধি জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের আওতাধীন ভাতাভোগীগণ অনেক সময় প্রতারনার শিকার হয়। তিনি উক্ত ভাতাভোগীগণকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি বলেন, উপজেলা সমাজ সেবা দপ্তরের আওতায় অত্র উপজেলায় প্রান্তিক জনগোষ্ঠির জরিপের কাজ | উপজেলা সমাজসেবা দপ্তরের আওতাধীন ভাতাভোগীগণকে প্রতারনা হাত থেকে বাচানোর জন্য তাদেরকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগন ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলছে। উক্ত জরিপ কাজে সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের প্রতিনিধি জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান এবং সকলকে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর পরিদর্শনের অনুরোধ জানান। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনান, বর্তমান অর্থ বছরের টি.আর/কাবিখা/কাবিটার ১ম পর্যায়ের বরাদ্দের আলোকে অনুমোদিত প্রকল্পগুলোর বাস্তবায়নের কাজ চলমান আছে। ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে, অতি দ্রুত প্রকল্প তালিকা প্রদানের জন্য বিভাজন পূর্বক সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করা হবে। | টি.আর/কাবিখা/কাবিটার প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখা হতে ১৩/১২/২১ তারিখ ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে অত্র উপজেলার কাজলসার ইউপি-১০০০০০০/- (দশ লক্ষ), বারঠাকুরী ইউপি-৭,১৭,০০০/- (সাত লক্ষ সতের হাজার), খলাছড়া ইউপি-৮,১৪,০০০/- (আট লক্ষ চৌদ্দ হাজার) এবং সুলতান ইউপি-৭,১৭,০০০/- (সাত লক্ষ সতের হাজার) টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত মেরামত ও সংরক্ষণ কাজ আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। তিনি ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত =১,৩২,৯৮,৩২৯/-(এক কোটি বত্রিশ লক্ষ আটানব্বই হাজার তিনশত উনত্রিশ) টাকার ২৬টি প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | অত্র উপজেলার ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দকৃত কাজলসার ইউপি-১০০০০০০/- (দশ লক্ষ), বারঠাকুরী ইউপি-৭,১৭,০০০/- (সাত লক্ষ সতের হাজার), খলাছড়া ইউপি-৮,১৪,০০০/- (আট লক্ষ চৌদ্দ হাজার) এবং সুলতান ইউপি-৭,১৭,০০০/- (সাত লক্ষ সতের হাজার) টাকা আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় এবং ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত =১,৩২,৯৮,৩২৯/-(এক কোটি বত্রিশ লক্ষ আটানব্বই হাজার তিনশত উনত্রিশ) টাকার ২৬টি প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রথমেই ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, প্রায় ২৪,০০০ শিক্ষার্থীকে ১ম ও ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে। আগামী ২২/০২/২২ তারিখের মধ্যে সকল শিক্ষার্থীকে করোনা ভ্যাকসিন প্রদানের কার্যক্রম শেষ হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদেরকে করোনা ভাইরাসের টিকা প্রদানের বিষয়ে তদারকি করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, আগামী ২২/০২/২২ তারিখ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে পাঠদান কার্যক্রম চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, অত্র উপজেলার একমাত্র মৎস্য অভয়াশ্রমের পানি শুকিয়ে যাচ্ছে। তিনি উক্ত অভয়াশ্রমে বাঁধ দিয়ে পানি আটকানোর জন্য ৬০০০০/- টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএমকে অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় ০২নং বীরশ্রী ইউপির নবনির্বাচিত চেয়ারম্যান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং তাঁর দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, তাঁর ইউপির উজিরপুর নামক জায়গায় কুশিয়ারা নদীর তীর সংরক্ষণের জন্য পানি উন্নয়ন বোর্ডের ঠিকাদার ব্যক্তি মালিকানাধীন কৃষি জমির উপর ৬৫০০ ব্লক তৈরি করে পালিয়ে গেছে। তিনি পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলীকে উক্ত কৃষি জমি খালি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ক। বীরশ্রী ইউপির উজিরপুর নামক স্থানে ব্যক্তি মালিকানাধীন কৃষি জমির উপর কুশিয়ারা নদীর তীর সংরক্ষণের জন্য তৈরি ব্লকগুলো অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ক। উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| | | খ। সভায় ০৪নং খলাছড়া ইউপির নবনির্বাচিত চেয়ারম্যান প্রথমেই মহান আল্লাহতাআলার দরবারে শুকরিয়া আদায় করেন এবং সঠিকভাবে খলাছড়া ইউনিয়নের জনগণকে খেদমতের প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন, তাঁর ইউনিয়ন কমপ্লেক্স এলাকায় একটি গাছ ঝুকিপূর্ণ অবস্থায় আছে। তিনি উক্ত ঝুকিপূর্ণ গাছটি দ্রুত কাটা প্রয়োজন বলে জানান। | খ। খলাছড়া ইউনিয়ন কমপ্লেক্স এলাকার ঝুকিপূর্ণ গাছটি বিধিমোতাবেক কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খলাছড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | খ। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| | | গ। সভায় ০৫নং জকিগঞ্জ ইউপির নবনির্বাচিত চেয়ারম্যান প্রথমেই সকলকে শুভেচ্ছা জানান এবং সুষ্ঠুভাবে দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি ১৯৫২ সালে আমাদের মাতৃভাষা বাংলার জন্য যারা শহীদ হয়েছেন, সেই ভাষাশহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি জন্মনিবন্ধন সংশোধন সহজিকরণের ব্যাপারে সহযোগিতা কামনা করেন। | গ। অত্র উপজেলায় জন্মনিবন্ধন সংশোধন সহজিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | গ। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট। |
| | | ঘ। সভায় ০৭নং বারঠাকুরী ইউপির চেয়ারম্যান তাঁর ইউপির সোনাসার স্টেশন বাজার ক্যালেন্ডারভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | ঘ। বারঠাকুরী ইউপির ইউপির সোনাসার স্টেশন বাজার ক্যালেন্ডারভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | ঘ। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট। |
| | | ঙ। সভায় ০৮নং কসকনকপুর ইউপির নবনির্বাচিত চেয়ারম্যান সকলকে শুভেচ্ছা জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| | | চ। সভায় ০৯নং মানিকপুর ইউপির নবনির্বাচিত চেয়ারম্যান তাকেঁ নির্বাচিত করার জন্য মানিকপুর ইউনিয়নবাসীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন । তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা কামনা করেন এবং উপজেলা চেয়ারম্যানের নেতৃত্বে জকিগঞ্জ উপজেলাকে দুর্নীতিমুক্ত এবং মাদকমুক্ত মডেল উপজেলা গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি উপজেলা পরিষদের কর্মকর্তা/ কর্মচারিগণকে সাধারণ জনগণের সাথে আরও ভাল আচরণের অনুরোধ জানান। তিনি বারহাল,খলাছড়া এবং মানিকপুর ইউপির নতুন ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের | চ। অত্র উপজেলার বারহাল,খলাছড়া এবং মানিকপুর ইউপির নতুন ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | চ।উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ,সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>ছ। সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত জানান। নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে নিয়ে জকিগঞ্জ উপজেলাকে মডেল উপজেলা হিসাবে গড়ে তুলার প্রত্যয় ব্যক্ত করেন। | | |
| | | জ। সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান এবং তাদের নেতৃত্বে জকিগঞ্জ উপজেলা এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি **জন্মনিবন্ধন সংশোধন সহজিকরণের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।** | জ। অত্র উপজেলায় জন্মনিবন্ধন সংশোধন সহজিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | |
| | | ঝ। সভায় উপজেলা নির্বাহী অফিসার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে শুভচ্ছা জানান। তিনি বলেন, যারা মানবিক সহায়তার আওতায় রয়েছে তাদেঁরকে টিসিবি এর মালামাল ১৫জন ডিলার দ্বারা কম মূল্যে বিক্রি করা হবে। এব্যাপারে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি বিগত নভেম্বর ২০২১ মাসের মাসিক সাধারণ সভায় **"উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন বিভিন্ন প্রজাতির মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য গাছ নীলামে বিক্রি"** সংক্রান্ত আলোচনায় নিম্নবর্ণিত সংশোধনী আনয়নের জন্য প্রস্তাব উত্থাপন করেনঃ<br>"উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন বিভিন্ন প্রজাতির মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য গাছ নীলামে বিক্রির প্রয়োজনীয়তা দেখা দিলে বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাকে সরেজমিন তদন্তক্রমে ঐ ধরণের গাছের কাঠের পরিমাণ এবং কাঠের মূল্য নির্ধারণক্রমে প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে ওয়াইল্ডলাইফ রেঞ্জার, রেঞ্জ বন কর্মকর্তা, টাউন রেঞ্জ, সিলেট বন বিভাগ ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, জকিগঞ্জ সামাজিক বনায়ন কেন্দ্র, সিলেট বন বিভাগ কর্তৃক ০৮/১১/২০২১ তারিখে প্রতিবেদন দাখিল করা হয়। বিভিন্ন প্রজাতির পায় ২৭ টি গাছের ৬৭০.৪৬ ঘনফুট কাঠ যার সরকারি মূল্য =২,১২,৩৮১/- (দুই লক্ষ বারো হাজার তিনশত একাশি) টাকা নির্ধারণক্রমে প্রতিবেদন প্রেরণ করা হয় যা বিধি মোতাবেক নীলামে বিক্রি করার জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন।<br>তিনি আরো জানান, উপজেলা পরিষদের আওতাভূক্ত বিভিন্ন দপ্তর/ভবনসমূহের সম্মুখ/সামনা/পেছনের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাতে =১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। তিনি বলেন, উক্ত খাত হতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা আবশ্যক যা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের প্রয়োজনীয়তা রয়েছে। | ঝ) উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন বিভিন্ন প্রজাতির মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য গাছসমূহ যার সরকারি মূল্য =২,১২,৩৮১/- (দুই লক্ষ বারো হাজার তিনশত একাশি) টাকা বিধিমোতাবেক নীলামে বিক্রয়ের নিমিত্ত জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অনুমোদনের জন্য সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের আওতাভূক্ত বিভিন্ন দপ্তর/ভবনসমূহের সম্মুখ/সামনা/পেছনের বর্জ্য ব্যবস্থাপনা/ পরিষ্কার পরিচ্ছন্নতা খাতে =১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | ঝ। উপজেলা নির্বাহী অফিসার,জকিগঞ্জ। |
| | | ঞ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন | ঞ। বর্তমান অর্থ বছরের এডিপির প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | ঞ। উপজেলা প্রকৌশলী,জকিগঞ্জ। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানান। তিনি বলেন, নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে নিয়ে জকিগঞ্জ উপজেলাকে মডেল উপজেলা হিসাবে গড়ে তুলা হবে। তিনি উপজেলা প্রকৌশলীকে বর্তমান অর্থ বছরের এডিবির গৃহীত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬- ৭৩ (৪৫) তারিখ- ১৭/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। জেলা প্রশাসক, সিলেট।

০৫। পুলিশ সুপার, সিলেট।

০৬। সিভিল সার্জন/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/নির্বাহী প্রকৌশলী,সওজ/এলজিইডি/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ,সিলেট।

০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট।

১০। উপজেলা---------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট।

১১। চেয়ারম্যান ----------------------(সকল) ইউপি।

১২। জনাব------------------------------------, জকিগঞ্জ, সিলেট।

১৭/০২/২২

(সুমী আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট।

CamScanner

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট মার্চ ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট

সভার তারিখ ও সময় : ১০/০৩/২০২২ খ্রি: দুপুর ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৭/০২/২০২২ তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, সাধারণ জনগণকে করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের কার্যক্রম চলমান আছে। এব্যাপারে সাধারণ জনগণকে সচেতন করার জন্য জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন। | সাধারণ জনগণকে করোনা ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ/জনপ্রতিনিধি, সকল |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, গত অর্থ বছরের বরাদ্দকৃত সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৪৬৮টি, হাওর প্রকল্পের ১৯৮টি এবং পল্লী পানি প্রকল্পের ১৪টি মোট ৬৮০টি গভীর নলকূপ এর মধ্যে ৬৫০টি নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমান অর্থ বছরের সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের ২৩৪টি এবং হাওর প্রকল্পের ৩১৭টি সহ মোট ৫৫১টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। বিধিমোতাবেক বিভাজন করা হয়েছে। বিভাজন অনুযায়ী তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। হাওর প্রকল্পের সর্বমোট ৩৬টি ইমপ্রুভ টয়লেট এর মধ্যে ১৭টির কাজ চলমান। ৪০টি পৌরসভা ও গ্রোথ সেন্টার প্রকল্পের অধীনে ৪০০ সংযোগ সহ ট্রিটমেন্ট প্লান্ট অতি সত্বর চালু করা হবে। তিনি আরও বলেন, গ্রামে শহরের সেবা পৌছাতে মানব সম্পদ প্রকল্পের আওতায় ঘরে ঘরে ট্যাপের মাধ্যমে একটি নলকূপ হতে ৫০টি পরিবারে সংযোগ প্রদানের জন্য ৩৮টি ও সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় আওতায় ঘরে ঘরে ট্যাপের মাধ্যমে একটি নলকূপ হতে ১০টি পরিবারে সংযোগ প্রদানের জন্য ১৮টি এবং ৩০০ পরিবারে সংযোগ প্রদানের জন্য একটি ট্রিটমেন্ট প্লান্ট এর বরাদ্দ পাওয়া গিয়াছে। বিধিমোতাবেক বিভাজন | I) গত অর্থ বছরের বরাদ্দকৃত অবশিষ্ট নলকূপসমূহ দ্রুত স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>II) বর্তমান অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপসমূহের বিভাজন অনুযায়ী তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ/জনপ্রতিনিধি, সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। বিভাজন অনুযায়ী তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। মানব সম্পদ প্রকল্পের আওতায় ০৬টি নতুন টয়লেট নির্মাণ ও ১০টি কমিউনিটি সেন্টার মেরামত এবং ০৪টি পাবলিক টয়লেট নির্মাণ ও ০৯টি হাত ধোয়ার স্টেশন নির্মাণের বরাদ্দ পাওয়া গিয়াছে। তিনি তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | | |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, আইজি এ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় আগামী এপ্রিল/২২ হতে জুন/২২ পর্যন্ত সময়ের জন্য একযোগে ০২(দুই) টি ব্যাচ অর্থাৎ ১৪ ও ১৫তম ব্যাচের ৫০জন করে মোট ১০০জন প্রশিক্ষণার্থী নির্বাচন করার নির্দেশনা পাওয়া গেছে। বিধিমোতাবেক প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। তিনি উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অফিস কক্ষের দরজা জানালা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অফিস কক্ষের দরজা জানালা দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, উপজেলা সমাজসেবা দপ্তরে জনবল সংকটের কারণে সাধারণ জনগণকে যথাযথভাবে সেবা প্রদান করা যাচ্ছে না। তিনি এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা দপ্তরের জনবল সংকট দূরীকরণের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের প্রতিনিধি জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বর্তমান অর্থ বছরের টি.আর ২য় পর্যায়ের প্রকল্প তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বর্তমান অর্থ বছরের টি.আর ২য় পর্যায়ের প্রকল্প তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ/চেয়ারম্যান, সকল ইউপি |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, তাঁর দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের কাজ চলমান আছে। বারহাল ইউপির নতুন ভবন নির্মাণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং খলাছড়া ইউপির নতুন ভবন নির্মাণের জায়গা নির্দিষ্ট না থাকায় প্রস্তাব প্রেরণ সম্ভব হয়নি বলে তিনি জানান। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, অত্র উপজেলার একমাত্র মৎস্য অভয়াশ্রমের পানি শুকিয়ে যাচ্ছে। তিনি উক্ত অভয়াশ্রমে বাঁধ দিয়ে পানি আটকানোর জন্য =৫০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | মৎস্য অভয়াশ্রমের পানি আটকানোর জন্য উক্ত অভয়াশ্রমে বাঁধ দেয়ার নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =৫০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জকিগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএমকে অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় ০২নং বীরশ্রী ইউপির চেয়ারম্যান বলেন, তাঁর ইউপিতে কুশিয়ারা নদীর ডাইক অনেক জায়গায় ঝুকিপূর্ণ অবস্থায় আছে। তিনি বর্ষা মৌসুম শুরু হওয়ার আগে ডাইকের ঝুকিপূর্ণ স্থানগুলো মেরামতের অনুরোধ জানান। তিনি শেওলা-জকিগঞ্জ রাস্তার সকল ব্রীজের এপ্রোচ মেরামতের অনুরোধ জানান। তিনি তাঁর ইউপির লক্ষীবাজারের পশু হাসপাতাল মেরামত পূর্বক একজন ডাক্তার নিয়মিত বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। | ক। !) বীরশ্রী ইউপির কুশিয়ারা নদীর ডাইকের ঝুকিপূর্ণ স্থানগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড,জকিগঞ্জকে অনুরোধ করা হয়।<br>!!) লক্ষীবাজারের পশু হাসপাতাল মেরামত পূর্বক একজন ডাক্তার নিয়মিত বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক। উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| | | খ। সভায় ০৫নং জকিগঞ্জ ইউপির চেয়ারম্যান প্রথমেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করেন । তিনি বলেন, তাঁর ইউনিয়ন সদর ইউনিয়ন হলেও উন্নয়ন হতে বঞ্চিত হচ্ছে । তিনি জকিগঞ্জ ইউনিয়নে উন্নয়নমূলক কাজের বেশি বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। তিনি জকিগঞ্জ ইউপি কমপ্লেক্সের নতুন ভবনে প্লাস্টিক পেইন্টস এর স্থলে ডিসটেম্পার করা হয়েছে এবং ভবনের অনেক জায়গায় ফাটলের সৃষ্টি হয়েছে। তিনি এব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা চেয়ারম্যান মহোদয়কে পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরও বলেন, তাঁর ইউপিতে বর্তমান অর্থ বছরের এডিপির প্রকল্প তালিকায় ২০নং ক্রমিকে 'হোসনাবাদ রাস্তা পৌরসভার শেষ অংশ হতে উত্তরমূখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন ' নামে প্রকল্প ছিল, কিন্তু উক্ত প্রকল্পটি অন্য খাত হতে বাস্তবায়িত হওয়ায় তিনি এর স্থলে 'হাইল ইসলামপুর বড় মসজিদের সম্মুখ হইতে উত্তরমূখী রাস্তা উন্নয়ন ' নামীয় প্রকল্প অন্তর্ভূক্ত করার প্রস্তাব সভায় উত্থাপন করেন। | খ। !) ০৫নং জকিগঞ্জ ইউনিয়ন কমপ্লেক্সের নবর্নির্মিত ভবনের সৃষ্ট ফাটল ও রং করণে ত্রুটির বিষয়ে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>!!) বর্তমান অর্থ বছরের এডিপির প্রকল্প তালিকায় ২০নং ক্রমিকের 'হোসনাবাদ রাস্তা পৌরসভার শেষ অংশ হতে উত্তরমূখী রাস্তা ইট সোলিং দ্বারা উন্নয়ন' নামীয় প্রকল্পটি অন্য খাত হতে বাস্তবায়িত হওয়ায় এর পরিবর্তে একই ইউনিয়নের 'হাইল ইসলামপুর বড় মসজিদের সম্মুখ হইতে উত্তরমূখী রাস্তা উন্নয়ন' নামীয় প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | খ। উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ। |
| | | গ। সভায় ০৭নং বারঠাকুরী ইউপির চেয়ারম্যান বলেন, উপজেলা সমাজসেবা দপ্তরের কর্মকর্তা প্রশিক্ষণে থাকার কারণে সাধারন মানুষ সেবা হতে বঞ্চিত হচ্ছে। তিনি এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরও বলেন, উপজেলা নির্বাচন অফিসে জাতীয় পরিচয়পত্র সংশোধনের ক্ষেত্রে সাধারন জনগণ পদে পদে হয়রানির শিকার হয়ে অতিষ্ঠ হয়ে উঠেছে। তিনি এব্যাপারে উধ্বর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের অনুরোধ জানান। | গ। !) সমাজসেবা দপ্তরের সাধারন মানুষ যাতে উক্ত দপ্তরের সেবা হতে বঞ্চিত না হয় সে ব্যাপারে তৎপর থাকার জন্য অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো। !!) উপজেলা নির্বাচন অফিসে জাতীয় পরিচয়পত্র সংশোধনের ক্ষেত্রে সাধারন জনগণ যাতে হয়রানির শিকার না হোন সে ব্যাপারে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | গ। উপজেলা সমাজসেবা কর্মকর্তা/উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| | | ঘ। সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান দূর্ঘটনা রোধে পাকা রাস্তার পাশে শিক্ষা প্রতিষ্ঠানের সামনে স্পীড বেকার নির্মাণের প্রয়োজনীয় | ঘ। !) পাকা রাস্তার পাশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থী এবং অভিভাবকদেরকে রাস্তা | ঘ। উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অভিভাবক সমাবেশ করে শিক্ষার্থী এবং অভিভাবকদেরকে রাস্তা পারাপারের ব্যাপারে সচেতন করার অনুরোধ জানান। তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্পের ইউডিএফকে অনুরোধ জানান। | পারাপারের ব্যাপারে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>ii) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্পের ইউডিএফকে অনুরোধ করা হয়। | জকিগঞ্জ/ইউডিএফ। |
| | | ঙ। সভায় উপজেলা নির্বাহী অফিসার বিগত ২৮/০৬/২১ তারিখ উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকায় বসবাসকারী কমকর্তা/ কর্মচারিদের নামে বরাদ্দের চিঠি প্রদান না করা এবং ভবনসমূহ মেরামতের প্রাক্কলন প্রস্তুত না করার কারণ সম্পর্কে উপজেলা প্রকৌশলীর নিকট জানতে চান। তিনি দ্রুত বিগত ২৮/০৬/২১ তারিখ উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানান। তিনি জন্মনিবন্ধন সংশোধনের আবেদন ইউপি সচিবগণকে নিয়ে বসে যাচাই বাছাই পূর্বক আবেদন প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>তিনি আরো বলেন, গত ৩০/০৩/২০২২ তারিখে ইউনয়ন পরিষদ দফাদার মহল্লাদার নিয়োগ সংক্রান্ত কমিটির সুপারিশের প্রেক্ষিতে জনাব রাহাত আহমদ, পিতা-আবুল কালাম, গ্রাম-পিয়াইপুর, ডাকঘর-বীরশ্রী, জকিগঞ্জ,সিলেটকে ০২ নং বীরশ্রী ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের মহল্লাদার পদে নিয়োগের জন্য চূড়ান্ত নির্বাচিত করা হয়েছে যা সভায় অনুমোদন প্রদান আবশ্যক। | ঙ। i) ২৮/০৬/২১ তারিখ উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকায় বসবাসকারী কমকর্তা/কর্মচারিদের নামে বরাদ্দের চিঠি প্রদানের জন্য এবং ভবনসমূহ মেরামতের প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>ii) জন্মনিবন্ধন সংশোধনের আবেদন যাচাই বাছাই পূর্বক আবেদন প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>iii) ৩০/০৩/২০২২ তারিখে ইউনয়ন পরিষদ দফাদার মহল্লাদার নিয়োগ সংক্রান্ত কমিটির সুপারিশের প্রেক্ষিতে জনাব রাহাত আহমদ, পিতা-আবুল কালাম, গ্রাম-পিয়াইপুর, ডাকঘর-বীরশ্রী, জকিগঞ্জ,সিলেটকে ০২ নং বীরশ্রী ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের মহল্লাদার পদে নিয়োগের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করার প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ঙ। উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), জকিগঞ্জ। |
| | | চ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, বিগত আড়াই বছর করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ছিল। তিনি করোনাকালীন সময়ে সর্বোচ্চ চিকিৎসা সেবা প্রদানের জন্য তৎকালীন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোহাম্মদ আবদুল্লাহ আল মেহেদী সাহেবকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি কমিউনিটি ক্লিনিকগুলোতে তদারকি বাড়ানোর জন্য সংশ্লিস্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি অত্র উপজেলার সুরমা ও কুশিয়ারা নদীর ডাইকেই ঝুকিপূর্ণ স্থানগুলো বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, ২০২০ সালে মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের প্রেক্ষিতে জেলা পরিষদ হতে জকিগঞ্জ কাস্টম ঘাটে বিসর্জন ঘাট নির্মাণের নিমিত্ত দরপত্র আহবাণ করা হয়। কিন্তু পাশ্ববর্তী দেশ ভারতের আপত্তির কারণে তা নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তাই উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা জকিগঞ্জ বাজারে জকিগঞ্জ শিশু পার্কের সৌন্দর্য বর্ধনের প্রস্তাব সভায় উত্থাপন করেন। | চ। করোনাকালীন সময়ে সর্বোচ্চ চিকিৎসা সেবা প্রদানের জন্য তৎকালীন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোহাম্মদ আবদুল্লাহ আল মেহেদী সাহেবকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব গৃহীত হয়।<br>ii) অত্র উপজেলার সুরমা ও কুশিয়ারা নদীর ডাইকের ঝুকিপূর্ণ স্থানগুলো বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>iii) ২০২০ সালে মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের প্রেক্ষিতে জেলা পরিষদ হতে জকিগঞ্জ কাস্টম ঘাটে বিসর্জন ঘাট নির্মাণের বরাদ্দকৃত অর্থ পাশ্ববর্তী দেশ ভারতের আপত্তির কারণে তা নির্মাণ করা সম্ভব হচ্ছে না বিধায় উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা জকিগঞ্জ বাজারে জকিগঞ্জ শিশু পার্কের সৌন্দর্য বর্ধনের কাজ করার প্রস্তাব গৃহীত হয়। | চ।উপজেলা নির্বাহী অফিসার/উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ,সিলেট। |

CamScanner

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট এপ্রিল/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট
সভার তারিখ ও সময় : ২১/০৪/২০২২ খ্রি: দুপুর ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১০/০৩/২০২২ তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মৎস্য অভয়াশ্রমের বাঁধ নির্মাণ বাবদ অর্থ বরাদ্দ দেয়ার সুযোগ নেই বিধায় বিগত সভার কার্যবিবরণীর ১৫ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত বাতিল করা হলো। আর কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতপরঃ সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে সহযোগিতা করার জন্য সকল জনপ্রতিনিধিগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জানান, করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে পুরো বিভাগে জকিগঞ্জের অবস্থান দ্বিতীয়। সকলের সহযোগিতার ফলেই করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে এই অবস্থানে আসা সম্ভব হয়েছে। তিনি বলেন, কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম সর্ম্পকে সচেতনতার জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণকে নিয়ে প্রশিক্ষণ চলমান আছে। আগামী শনি হতে বৃহস্পতিবার জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন করা হবে। উক্ত দিবসে সকলকে অংশ গ্রহণের অনুরোধ জানান। | করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে সহযোগিতা করার জন্য সকল জনপ্রতিনিধিগণের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপনের সিদ্ধান্ত এবং আগামী শনি হতে বৃহস্পতিবার জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপনে সকলকে অংশ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তাঁর দপ্তরের আওতায় ঋণ দান কার্যক্রম ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | প্রত্যেক ইউনিয়নে প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বেকার যুবক ও যুব মহিলাদের স্বাবলম্বী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তাঁর দপ্তরের আওতায় বরাদ্দকৃত নলকূপসমূহ স্থাপনের কাজ চলমান আছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পানি পানের বেসিন স্থাপনের বিষয়ে স্কুল কর্তৃপক্ষের সাথে আলোচনা করেই স্থাপন করা হয়েছে। শিক্ষার্থীদের সুবিধার্থে প্রয়োজন হলে বেসিন অন্য জায়গায় স্থানান্তর করার ব্যবস্থা গ্রহণ করা যাবে। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পানি পানের বেসিন স্থাপনের বিষয়ে উপজেলা শিক্ষা দপ্তরের সাথে সমন্বয় করে বেসিন স্থাপনের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, ভিজিডির সঞ্চয়ের টাকা বীরশ্রী ইউনিয়নের সচিবের নিকট ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং জকিগঞ্জ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের অফিস কক্ষের দরজা জানালা দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নের সচিবের নিকট ৫৮০০০/-(আটান্ন হাজার) টাকা হস্তমজুদ আছে। উক্ত টাকা সংশ্লিস্ট একাউন্টে জমাদানের বিষয়ে সংশ্লিস্ট ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি তাঁর অফিস কক্ষের দরজা জানালা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, তাঁর অফিস কক্ষের দরজা জানালা ঝুকিপূর্ণ অবস্থায় আছে। তিনি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি বর্তমান অর্থ বছরের ভাতাভোগীদের ভাতা যথা সময়ে প্রদানের বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | উপজেলা সমাজসেবা দপ্তরের অফিস কক্ষের দরজা জানালা দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, কোরবানি ঈদ উপলক্ষ্যে নিরাপদ উপায়ে গরু মোটাতাজাকরণের বিষয়ে খামারিদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তিনি বলেন , বীরশ্রী ইউপির লক্ষীবাজারে বসার জন্য রুমের ব্যবস্থা করা হলে ঐ এলাকার গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মাননীয় প্রধান মন্ত্রীর আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের স্বাবলম্বী করার জন্য প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে বলে তিনি জানান। তিনি উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সামনে গর্ত ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান। | আসন্ন কোরবানি ঈদ উপলক্ষ্যে নিরাপদ উপায়ে গরু মোটাতাজাকরণের বিষয়ে খামারিদের প্রশিক্ষণ প্রদান এবং মাননীয় প্রধান মন্ত্রীর আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের স্বাবলম্বী করার জন্য প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে ও উপজেলা প্রাণিসম্পদদপ্তরের সামনে গর্ত ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, বর্তমান অর্থ বছরের এডিপির টেন্ডার আহবান করা হয়েছে। আগামী ২৫/০৪/২০২২ তারিখ টেন্ডার ড্রপিং হবে। তিনি বলেন, ইছামতি (ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পল্লী বিদ্যুতের ওভারহেড তারের কারণে নতুন ভবনের পাইলিং করা সম্ভব হচ্ছে না। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন, উপজেলা নির্বাহী অফিসারের শারিরীক নিরাপত্তার কাজে নিয়োজিত আনসারদের ব্যারাকের অবশিষ্ট কাজ শেষ করতে আরও ২০০০০০/-(দুই লক্ষ) টাকার প্রয়োজন। তিনি এব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। তিনি আরও বলেন, উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত ভবন জরুরী মেরামত প্রয়োজন । উক্ত মেরামত কাজের জন্য =৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত মেরামত কাজ অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত হিসাবে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের প্রস্তাব সভায় উত্থাপন করেন। | উপজেলা নির্বাহী অফিসারের শারিরীক নিরাপত্তার কাজে নিয়োজিত আনসারদের ব্যারাকের ২০০০০০/-(দুই লক্ষ) টাকার অবশিষ্ট কাজ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত এবং উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত ভবন জরুরী মেরামত কাজের জন্য =৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা অত্যাবশ্যকীয় স্থাপনার জরুরী মেরামত হিসাবে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের প্রস্তাব গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর দপ্তরের জন্য আরও একটি কক্ষ বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। তিনি বলেন মাত্র একটি কক্ষের মধ্যে তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনা হচ্ছে। | কক্ষ খালি থাকা সাপেক্ষে পরবর্তীতে বরাদ্দ প্রদান করা হবে মর্মে প্রস্তাব গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, বিভিন্ন সরকারি প্রাঃ বিদ্যালয়ে শিক্ষার্থীদের পানি পানের বেসিন শ্রেণিকক্ষের ভিতরে স্থাপন করা হয়েছে। এত শ্রেণিকক্ষের পরিবেশ নষ্ট হচ্ছে। তিনি উক্ত বেসিনগুলো শ্রেণিকক্ষের বাইরে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পানি পানের বেসিন স্থাপনের বিষয়ে উপজেলা শিক্ষা দপ্তরের সাথে সমন্বয় করে বেসিন স্থাপনের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৫ | মৎস্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএমকে অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় ০২নং বীরশ্রী ইউপির চেয়ারম্যান বলেন, তাঁর ইউপির শেওলা-জকিগঞ্জ রাস্তা হতে লক্ষীবাজারের সংযোগ রাস্তাটি দ্রুত মেরামত করা প্রয়োজন।<br>খ। সভায় ০৭নং বারঠাকুরী ইউপির চেয়ারম্যান তাঁর ইউপির সোনাসার স্টেশন বাজার ক্যালেন্ডারভুক্ত করার প্রস্তাব জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।<br>গ। সভায় ০৮নং কসকনকপুর ইউপির চেয়ারম্যান কসকনকপুর ইউপি কমপ্লেক্স রং করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকোশলীকে অনুরোধ জানান।<br>ঘ। সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পৌর এলাকার একজন প্রতিবন্ধী ভাতাভোগীর ভাতার কার্ডে অন্য জনের মোবাইল নাম্বার থাকার কারণ সম্পর্কে তিনি সমাজসেবা কর্মকর্তার নিকট জানতে চান। এটা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকায় বসবাসকারী কর্মকর্তা/ কর্মচারিদের নিকট হতে বকেয়া বাসাভাড়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি বলেন, জাইকার ইউডিএফ দীর্ঘ দিন কর্মস্থলে না থাকার কারণে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণগুলো বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি আরও বলেন, বর্তমান উপজেলা নির্বাহী অফিসার | ক। বীরশ্রী ইউপির শেওলা-জকিগঞ্জ রাস্তা হতে লক্ষীবাজারের সংযোগ রাস্তাটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>খ। বারঠাকুরী ইউপির সোনাসার স্টেশন বাজার ক্যালেন্ডারভুক্ত করার প্রস্তাব জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।<br>গ। কসকনকপুর ইউপি কমপ্লেক্স রং করণের বরাদ্দ আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>ঘ। পৌর এলাকার জনৈক প্রতিবন্ধী ভাতাভোগীর ভাতার কার্ডে অন্য একজনের মোবাইল নাম্বার থাকার বিষয়টি সংশোধনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং উপজেলা কমপ্লেক্সের আবাসিক এলাকায় বসবাসকারী কর্মকর্তা/ কর্মচারিদের নিকট হতে বকেয়া বাসাভাড়া বিধি মোতাবেক আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকেশলীকে অনুরোধ জানান। | ক। উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ।<br>খ। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ।<br>গ। উপজেলা প্রকৌশলী,জকিগঞ্জ।<br>ঘ। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনাব সুমী আক্তার প্রথম মহিলা ইউএনও হিসাবে জকিগঞ্জে এক বছর সাত মাস সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি তাঁর জন্য দোয়া কামনা করেন এবং দ্রুত পদোন্নতি পাবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। | | |
| | | ঙ। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, জকিগঞ্জ দূরবর্তী উপজেলা হিসাবে কর্মকর্তা/কর্মচারিদেরকে বিশেষ ভাতা প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান। তিনি বলেন, আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের ঘরে ঘরে ০২(দুই) এর অধিক সন্তান। তিনি আশ্রয়ন প্রকল্পে জন্মনিয়ন্ত্রনের ব্যাপারে কাজ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি জকিগঞ্জ উপজেলায় তাঁর দায়িত্ব পালনকালীন সময়ে সহযোগিতা করার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং তাঁর কোন কথায় বা আচরণে কেউ কষ্ট পেয়ে থাকলে তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার আহবান জানান। | ঙ। ।) জেলা সদর হতে জকিগঞ্জ দূরবর্তী উপজেলা হিসাবে কর্মকর্তা/কর্মচারিদেরকে বেতন বিলের সাথে বিশেষ ভাতা প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের নিমিত্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হয়।<br>।।) আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের ঘরে ঘরে জন্মনিয়ন্ত্রনের কাজ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ঙ। উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ |
| | | চ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান সকল জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণকে একযোগে জকিগঞ্জের উন্নয়নের জন্য কাজ করার আহবান জানান। তিনি বলেন, আজকের এই সভাই উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমী আক্তারের শেষ সভা। তিনি উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমী আক্তারকে এক বছর সাত মাস সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে দায়িত্ব পালনের জন্য জকিগঞ্জ উপজেলাবাসীর পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তাঁর ভবিষ্যৎ জীবনের উত্তরোত্তর শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। | চ। অত্র জকিগঞ্জ উপজেলায় দীর্ঘ এক বছর সাত মাস সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালনের জন্য জকিগঞ্জ উপজেলাবাসীর পক্ষ হতে উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমী আক্তারকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব গৃহীত হলো। | চ। উপজেলা নির্বাহী অফিসার জকিগঞ্জ,সিলেট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬- ২৫০ (৪৫)

তারিখ:২৭/০৪/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো।

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫।
০২। কমিশনার, সিলেট বিভাগসিলেট।,
০৩। পরিচালক, স্থানীয় সরকারসিলেট। ,সিলেট বিভাগ,
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। সিভিল সার্জন/উপ জেলা প্রাণি সম্পদ/এলজিইডি/সওজ,নির্বাহী প্রকৌশলী/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ,পরিচালক-কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ ,মহিলা/জকিগঞ্জ,সিলেট
০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভা, সিলেট
১০। উপজেলা---------------------------অফিসার ,(সকল)জকিগঞ্জ, সিলেট
১১। চেয়ারম্যান ----------------------(সকল) ইউপি।
১২। জনাব-------------------------------------, জকিগঞ্জসিলেট,

২৭/৪/২২
( আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট মে/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট
সভার তারিখ ও সময় : ২৬/০৫/২০২২ খ্রি: দুপুর ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ২১/০৪/২০২২ তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয় । অতপরঃ সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বন্যার কারণে শিশুদের টিকাদান কার্যক্রম ব্যাহত হয়েছে এবং কিছু কমিউনিটি ক্লিনিক বেশ কয়েকদিন বন্ধ ছিল। এখন বন্যার পানি কমতে শুরু করলেও ডায়রিয়ায় আক্রান্ত রুগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এব্যাপারে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের পর্যাপ্ত প্রস্তুতি রয়েছে বলে তিনি জানান। তিনি আরও বলেন, আগামী ০৫/০৬/২২ তারিখ হতে ০৮/০৬/২২ পর্যন্ত ০৬ মাস হতে ০৫ বছর বয়সী শিশুদের ভিটামিন এপ্লাস ক্যাপসুল খাওয়ানো হবে। উক্ত বিষয়ে ব্যাপক প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | আগামী ০৫/০৬/২২ তারিখ হতে ০৮/০৬/২২ পর্যন্ত ০৬ মাস হতে ০৫ বছর বয়সী শিশুদের ভিটামিন এপ্লাস ক্যাপসুল খাওয়ানোর বিষয়ে ব্যাপক প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানগণ ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল), জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, উপজেলা কৃষি কর্মকর্তা(ভাঃ) প্রশিক্ষণ জনিত কারণে ঢাকায় আছেন। বন্যার কারণে অত্র উপজেলার কৃষি খাতে ক্ষতির পরিমাণ নিরুপণে কাজ চলছে। | বন্যার কারণে অত্র উপজেলার কৃষি খাতের ক্ষতির পরিমাণ নিরুপণ পূর্বক ক্ষতিপূরণ প্রাপ্তির নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করেন। | অত্র উপজেলার বেকার যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ এবং ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, অত্র উপজেলায় বন্যা আক্রান্ত এলাকার সাধারণ জনগণের মধ্যে ৪৫০০০ হাজার পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণ করা হয়েছে। বন্যা আক্রান্ত এলাকার পানি নামার পর টিউবওয়েল পরিস্কারের পদ্ধতি সম্পর্কে সকলকে তিনি অবহিত করেন এবং এবিষয়ে প্রচারনা চালানোর জন্য সকলের প্রতি অনুরোধ জানান। তিনি আরও বলেন, বন্যায় জকিগঞ্জ উপজেলায় প্রায় ১৭০০টি টিউবওয়েল এবং ২২০০টি টয়লেট ক্ষতিগ্রস্ত হয়েছে। | বন্যা আক্রান্ত এলাকার পানি নেমে যাওয়ার পর টিউবওয়েল পরিস্কারের পদ্ধতি সম্পর্কে এবং পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ব্যবহারের পদ্ধতি সম্পর্কে ব্যাপক প্রচারণা চালানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৭ | সমাজসেবা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | নবাগত উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর পরিচয় তুলে ধরেন এবং দাপ্তরিক দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, অকাল বন্যা পরবর্তী সময়ে গোখাদ্য সংকট দেখা দিয়েছে। ফলে আসন্ন ঈদুল আযহা উপলক্ষে খামারীদের প্রস্তুতকৃত হৃষ্টপুষ্টকরণ গবাদী পশুদের স্বাস্থ্যহানি ঘটার সম্ভাবনা দেখা দিয়েছে। মজুদকৃত শুকনো খড় ও চাষকৃত প্রায় ২৫.০০ একর জমিতে ২৫ টন ঘাষ পানিতে ডুবে নষ্ট হয়ে গেছে। আশ্রয়ন প্রকল্পের আগ্রহী লোকজনকে খামারী প্রশিক্ষণের আওতায় আনা হচ্ছে। অত্র উপজেলায় বন্যায় প্রাণিসম্পদের ক্ষতির পরিমাণ নিরূপন পূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। | বন্যায় ক্ষতিগ্রস্ত খামারীদের ক্ষতিপূরন প্রদানের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে বিতরণের জন্য এ পর্যন্ত ৬২ মেঃটন চাল, ১৫০০ প্যাকেট শুকনা খাবার এবং ১,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে যা যথা নিয়মে বিতরণ করা হয়েছে। এছাড়া টি.আর/কাবিখা/ ইজিপিপি ও অন্যান্য কর্মসূচির মাধ্যমে নির্মিত রাস্তা সমূহ প্রায় ৬০% ক্ষতিগ্রস্ত হয়েছে বলে তিনি জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের আওতাধীন বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ দ্রুত মেরামতের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী বর্তমান অর্থ বছরের এডিপির টেন্ডারের ৫% লেস মানি ২,৫৫,০০০/- দ্বারা শেওলা-জকিগঞ্জ রাস্তার অবশিষ্ট অংশের পটহোল মেরামতের প্রকল্প প্রস্তাব সভায় উত্থাপন করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামতের জন্য একটি প্রকল্প প্রস্তাব করেন। তিনি ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক নিম্নলিখিত ০৬টি উপ-প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করেন-<br>১। পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি ও ফল চাষ বিষয়ক সক্ষমতা বৃদ্ধিমূলক কৃষক প্রশিক্ষণ<br>২। কার্পের মিশ্রচাষ ও বায়োফ্লক প্রযুক্তিতে মৎস্য চাষ বিষয়ক মাছচাষীদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>৩। আধুনিক প্রযুক্তিতে গবাদি পশুর প্রাথমিক চিকিৎসায় স্থানীয়ভাবে সহায়ক রিসোর্স পারসন তৈরি বিষয়ক প্রশিক্ষণ।<br>৪। বীর মুক্তিযোদ্ধার সন্তানদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রযুক্তিগত উন্নয়ন ও মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ।<br>৫। বেকার যুবকদের ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>৬। উপজেলা কর্মকর্তা/কর্মচারিদের ওয়েব পোর্টাল ও | এডিপির ২০২১-২২ অর্থবছরের টেন্ডারের ৫% লেস মানি বাবদ ২,৫৫,০০০/- দ্বারা শেওলা-জকিগঞ্জ রাস্তার অবশিষ্ট অংশের পটহোল মেরামতের প্রকল্প প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামতের প্রকল্প প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক নিম্নলিখিত ০৬টি উপ-প্রকল্প প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য অনুমোদিত হয়।<br>১। পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি ও ফল চাষ বিষয়ক সক্ষমতা বৃদ্ধিমূলক কৃষক প্রশিক্ষণ<br>২। কার্পের মিশ্রচাষ ও বায়োফ্লক প্রযুক্তিতে মৎস্য চাষ বিষয়ক মাছচাষীদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>৩। আধুনিক প্রযুক্তিতে গবাদি পশুর প্রাথমিক চিকিৎসায় স্থানীয়ভাবে সহায়ক রিসোর্স পারসন তৈরি বিষয়ক প্রশিক্ষণ। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকৌশলীকে অনুরোধ জানান। পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণকে বাঁধ মেরামতের ব্যাপারে আন্তরিকতার সাথে কাজ করার আহবাণ জানান। এ ব্যাপারে স্থানীয় জনপ্রতিনিধিগণকে আরও ভূমিকা রাখার অনুরোধ জানান। তিনি সুরমা ও কুশিয়ারা নদী ড্রেজিং করার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য পাউবোর কর্মকর্তাকে অনুরোধ জানান। | মাধ্যমে প্রচারনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>(iii) পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণকে বাঁধ মেরামতের ব্যাপারে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | | ঝ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, ডাইক মেরামতের পর্যাপ্ত পরিমাণ বরাদ্দ আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। জকিগঞ্জ সরকারি কলেজের ১১ জন শিক্ষক পদায়ন করা হলেও তাঁরা সবাই চলে গেছে। জকিগঞ্জ সরকারি বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক সংকট আছে। পর্যাপ্ত পরিমাণ শিক্ষক পদায়নের জন্য উধর্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হবে এবং জকিগঞ্জ সরকারি কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার জন্য চেষ্টা অব্যাহত আছে। তিনি উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণকে সময়মত অফিসে আসার জন্য অনুরোধ জানান। | ঝ। জকিগঞ্জ সরকারি কলেজের শিক্ষক সংকট দূরীকরণের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য উপজেলা চেয়ারম্যান ও সভার সভাপতিকে অনুরোধ জানানো হয়। | ঝ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ দপ্তরপ্রধান (সকল), জকিগঞ্জ,সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬-৩৮৬(৪০)

তারিখ- ২৯/০৬/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। সিভিল সার্জন/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/নির্বাহী প্রকৌশলী,সওজ/এলজিইডি/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, পাউবো, সিলেট।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ,সিলেট।
০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভা, জকিগঞ্জ, সিলেট।
১০। উপজেলা-------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট।
১১। চেয়ারম্যান ---------------------(সকল) ইউপি।
১২। জনাব-----------------------------------, জকিগঞ্জ, সিলেট।

২৯/৬/২২
(এ.কে.এম.ফয়সাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জকিগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট

উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট জুন/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ লোকমান উদ্দিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ,সিলেট

সভার তারিখ ও সময় : ৩০/০৬/২০২২ খ্রি: দুপুর ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জকিগঞ্জ, সিলেট

সভার উপস্থিতি ও অনুপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ লোকমান উদ্দিন চৌধুরী উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ২৬/০৫/২০২২ তারিখের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয় । অতপরঃ সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে চলার ব্যাপারে ২৮/০৬/২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত নির্দেশনাগুলো বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের প্রতি অনুরোধ জানান। তিনি সাধারণ জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলার ব্যাপারে উৎসাহিত করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। তিনি জানান, বন্যায় আক্রান্তদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ০৯টি ইউনিয়নে ০৯টি মেডিকেল টিম সার্বক্ষণিক কাজ করছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় বিগত ২৮/০৬/২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত ব্যাপক প্রচার প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানগণ ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল), জকিগঞ্জ। |
| ০২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বন্যার কারণে অত্র উপজেলার কৃষি খাতে ক্ষতির পরিমাণ নিরূপণ পূর্বক সহায়তা বাবদ বরাদ্দ প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বন্যার কারণে কৃষকদের আমন ধানের বীজতলা নষ্ট হওয়ায় আবার বীজতলা তৈরির জন্য কৃষকদের ধানের বীজের সংকট দেখা দিতে পারে। বর্তমান মৌসুমে আমন বীজের সংকট সৃষ্টি না হওয়ার জন্য এবং অত্র উপজেলায় পর্যাপ্ত পরিমাণ আমন ধানের বীজ সরবরাহের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হচ্ছে। | বর্তমান আমন মৌসুমে বীজ ও সারের সংকট সৃষ্টি না হওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৪ | যুব উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৫ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, অত্র উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত টিউবওয়েল ও টয়লেটের তালিকা প্রনয়নেরর কাজ চলছে। এব্যাপারে তিনি ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | বন্যা আক্রান্ত এলাকার ক্ষতিগ্রস্ত টিউবওয়েল ও টয়লেটের তালিকা প্রনয়ন পূর্বক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জকিগঞ্জ। |
| ০৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বদলীজনিত কারণে সকলের নিকট হতে বিদায় নেন এবং সকলের কাছে দোয়া চান। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জকিগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, বন্যায় আক্রান্তদের জন্য বিভিন্ন সমাজসেবী প্রতিষ্ঠান ত্রাণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। অত্র উপজেলার বিভিন্ন এতিমখানায় সরকারি সহায়তা বাবদ চেক বিতরণ করা হয়েছে বলে তিনি জানান। | বন্যার্তদের সাহাযার্থে বিভিন্ন সমাজসেবী প্রতিষ্ঠানের ত্রাণ বিতরণের বিষয়ে তদারকি করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৮ | সমবায় বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ০৯ | প্রাণিসম্পদ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে প্রত্যেক পশুর হাটে কোরবানির জন্য সুস্থ পশু বাছাইয়ের সহযোগিতা জন্য মেডিকেল টিম থাকবে। তিনি বলেন, কোরবানির পশুর চামড়ার দাম কম থাকায় অনেকে ফেলে দেয়, এতে পরিবেশ নষ্ট হয়। তিনি চামড়া ফেলে না দিয়ে সকলকে বাজারজাত করার অনুরোধ জানান। | কোরবানির পশুর চামড়া ফেলে না দিয়ে বাজারজাতকরণের বিষয়ে প্রচারণা চালানোর জন্য ইউপি চেয়ারম্যানগণ ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ/ ইউপি চেয়ারম্যানগণ |
| ১০ | দুর্যোগ-ব্যবস্থাপনা বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বন্যায় প্রায় দুইশতাধিক গ্রাম প্লাবিত হয়েছে এবং ৯১৪টি পরিবার বিভিন্ন আশ্রয় কেন্দ্রে আশ্রয় নিয়েছে। বন্যার্তদের সাহাযার্থে ১২০ মেঃ টন চাল বিতরণ করা হয়েছে। এছাড়া ৮৫,০০০/- টাকার গোখাদ্য এবং ১৩০০টি ত্রাণের প্যাকেট বিতরণ করা হয়েছে। | বন্যার্তদের ত্রাণ বিতরণের বিষয়ে তদারকি করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১১ | পল্লী উন্নয়ন বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১২ | স্থানীয় সরকার বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জকিগঞ্জ, সিলেট |
| ১৩ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী তাঁর দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জকিগঞ্জ |
| ১৫ | মৎস্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, জকিগঞ্জ। |
| ১৬ | পানি উন্নয়ন বোর্ড | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| ১৭ | খাদ্য বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জকিগঞ্জ |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রতিটি মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি,জকিগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জকিগঞ্জ। |
| ১৯ | বিবিধ | ক। সভায় ০৫নং জকিগঞ্জ ইউপির চেয়ারম্যান জকিগঞ্জ উপজেলার সুরমা ও কুশিয়ারা নদীর ক্ষতিগ্রস্ত ডাইক দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি বলেন, বন্যার কারণে কৃষকদের আমন ধানের | ক। !) জকিগঞ্জ উপজেলার সুরমা ও কুশিয়ারা নদীর ক্ষতিগ্রস্ত ডাইক দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পানি উন্নয়ন বোর্ডের উপ সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। !!) বর্তমান মৌসুমে আমন ধানের বীজের | ক। উপজেলা কৃষি কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বীজতলা নষ্ট হওয়ায় আবার বীজতলা তৈরির জন্য কৃষকদের ধানের বীজের সংকট দেখা দিতে পারে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করেন। | যাতে সংকট সৃষ্টি না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | খ। সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদ্মা সেতু করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বন্যার্তদের সাহায্যার্থে পর্যাপ্ত পরিমাণ ত্রাণ আছে কিন্তু প্রত্যন্ত অঞ্চলে ত্রাণ কম যাচ্ছে। তিনি প্রত্যন্ত অঞ্চলে বেশী করে ত্রাণ পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | খ। উপজেলার প্রত্যন্ত অঞ্চলে ত্রাণসামগ্রী বেশী করে ত্রাণ পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | খ। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জকিগঞ্জ |
| | গ। সভায় জকিগঞ্জ পৌরসভার মেয়র বলেন, বর্তমানে এই দুর্যোগকালীন সময়ে আমাদের এম.পি মহোদয় বৃদ্ধ বয়সে মানুষের দুয়ারে দুয়ারে ত্রাণ নিয়ে যাচ্ছেন এবং বন্যা মোকাবেলায় বলিষ্ঠ নেতৃত্ব দিয়ে যাচ্ছেন। তিনি মাননীয় এম.পি মহোদয়ের জন্য সকলের নিকট দোয়া চান। তিনি বলেন, বর্তমান উপজেলা চেয়ারম্যান ও এম.পি মহোদয়ের নেতৃত্বে বিগত দিনের তুলনায় অনেক বেশি উন্নয়ন হয়েছে। কিন্তু অনেকেই এম.পি মহোদয়কে নিয়ে কটুক্তি করা হচ্ছে । তিনি এব্যাপারে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি সুরমা ও কুশিয়ারা নদীর ক্ষতিগ্রস্ত ডাইক দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। তিনি আরও বলেন, জকিগঞ্জ সীমান্ত রক্ষা প্রকল্প বাস্তবায়ন না হওয়া পর্যন্ত জকিগঞ্জের মানুষের দুর্ভোগ কমবে না এবং নদীর ভাঙ্গনের ফলে আমাদের মানচিত্র পরিবর্তন হয়ে যাচ্ছে। তিনি বন্যার্তদের ত্রাণ দেওয়ার সময় ছবি না উঠানো জন্য সকলের প্রতি অনুরোধ জানান। এতে অনেকের সম্মানহানি ঘটে। তিনি উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণকে সাধারণ মানুষের দোরগোড়ায় গিয়ে সেবা প্রদানের অনুরোধ জানান। | গ।।) সুরমা ও কুশিয়ারা নদীর ডাইক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডের উপ সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>।।) আকস্মিক বন্যা মোকাবেলায় বলিষ্ঠ নেতৃত্ব প্রদানের জন্য মাননীয় এম.পি মহোদয় ও উপজেলা চেয়ারম্যানকে ধন্যবাদ জানানো হয়। | গ। উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জকিগঞ্জ। |
| | ঘ। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, মৎস্যজীবিদের সহায়তার জন্য ০৯ মেঃ টন চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। এব্যাপারে তিনি ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, বন্যার্তদের জন্য ত্রাণ নিয়ে প্রত্যন্ত অঞ্চলে কেউ যাচ্ছে না। এ বিষয়ে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি বন্যার কারণে ক্ষতিগ্রস্ত নলকূপগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে চলার ব্যাপারে বিগত ২৮/০৬/২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত নির্দেশনাগুলো বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করত এব্যাপারে সাধারন মানুষকে সচেতন করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | ঘ। ।) বন্যার্তদের সহায়তার জন্য প্রত্যন্ত অঞ্চলে ত্রাণ পৌছানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>।।) বন্যার কারণে ক্ষতিগ্রস্ত নলকূপগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>।।।) করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে চলার ব্যাপারে বিগত ২৮/০৬/২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত নির্দেশনাগুলো বাস্তবায়নে সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | ঘ। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ জনস্বাস্থ্য প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল), জকিগঞ্জ |
| | ঙ। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, বন্যার কারণে কৃষকদের আমন ধানের বীজতলা নষ্ট হয়ে গেছে। আবার বীজতলা তৈরির জন্য কৃষকদের আমন ধানের বীজের যাতে সংকট তৈরি না হয় সেজন্য এম.পি মহোদয় প্রয়োজনে ব্যক্তিগত তহবিল হতে | ঙ। ।) কৃষকদের মাধ্যমে আমন ধানের বীজতলা তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>।।) বন্যার থাবা হতে জকিগঞ্জকে রক্ষা করতে | |

(স্বাক্ষর)

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | আমন ধানের বীজ ক্রয় করে দিবেন মর্মে জানান। তিনি বলেন, জকিগঞ্জকে রক্ষা করতে হলে আমন ধানের ফলন বৃদ্ধি করতে হবে। তিনি প্রত্যেক ইউনিয়নের আমন ধানের বীজের প্রকৃত চাহিদা বের করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। অত্র উপজেলার সুরমা ও কুশিয়ারা নদীর ক্ষতিগ্রস্ত ডাইক সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতায় মেরামতের কাজ চলমান থাকায় তাঁদেরকে জানান। | হলে আমন ধানের ফলন বৃদ্ধি করার ব্যাপারে উপজেলা কৃষি কর্মকর্তাসহ জনপ্রতিনিধদের অনুরোধ করা হয়।<br>!!!) সুরমা ও কুশিয়ারা নদীর ক্ষতিগ্রস্ত ডাইক মেরামতের বিষয়ে অগ্রণী ভূমিকা গ্রহণের জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়। | ৬। মেয়র, জকিগঞ্জ পৌরসভা/উপজেলা কৃষি কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল), জকিগঞ্জ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ লোকমান উদ্দিন চৌধুরী )
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট ।

তারিখ:২৫/০৭/২০২২ খ্রি:

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৭.০২০.১৬- ৪৪৭(৬৫)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ।

০১। জনাব আলহাজ ডঃ হাফিজ আহমদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য৫।-সিলেট ,২৩৩ ,
০২। কমিশনার, সিলেট বিভাগসিলেট । ,
০৩। পরিচালক, স্থানীয় সরকারসিলেট বিভাগ ,, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট ।
০৫। পুলিশ সুপার, সিলেট ।
০৬। সিভিল সার্জন/উপ ,পাউবো ,নির্বাহী প্রকৌশলী/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/এলজিইডি/সওজ,নির্বাহী প্রকৌশলী/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ,পরিচালক-সিলেট ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০৭-০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), জকিগঞ্জ,সিলেট ।
০৯। মেয়র, জকিগঞ্জ পৌরসভাসিলেট । ,জকিগঞ্জ ,
১০। উপজেলা-------------------------অফিসার (সকল), জকিগঞ্জ, সিলেট ।
১১। চেয়ারম্যান ----------------------(সকলইউপি । (
১২। জনাব-----------------------------------, জকিগঞ্জ, সিলেট ।

২৫/৭/২২
( এ.কে.এম.ফয়সাল )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জকিগঞ্জ, সিলেট ।

CamScanner

সেপ্টেম্বর/২০২১ ইং মাসের মাসিক সভার কার্য বিবরণী ও উপজেলা পরিষদের সদস্য গণের উপস্থিতি স্বাক্ষর নিরূপণ।

তাং ০৯/০৯/২০২১ ইংরেজী
সময় সকাল ১০.০০ ঘটিকায়
স্থান : Zoom Application

| ক্র.নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান উপজেলা পরিষদ জকিগঞ্জ সিলেট | |
| ০২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ মহিলা জকিগঞ্জ সিলেট | |
| ০৩ | | |